


আমি বাংলার গান গাই

প্রতুল মুখোপাধ্যায়



আমি বাংলার গান গাই..... গানটা আমি লিখেছি, সুর করেছি, গেয়েছি। প্রথম ধ্বনিমুদ্রন (রেকর্ডিং) হয়েছে আমারই কণ্ঠে। তারপর আমার অনুমতি নিয়ে বা না নিয়ে অসংখ্য শিল্পী এ গান গেয়েছেন। আমার গান কণ্ঠে কণ্ঠে প্রচারিত হবে, এর চেয়ে আনন্দের কথা আর কি হতে পারে? কিন্তু গানটা আরেকটা রেকর্ডে গ্রন্থিত করে প্রকাশ করার আগে সেই রেকর্ডের উদ্যোক্তা, প্রকাশক বা আমার লিখিত অনুমতি নেওয়াতো খুবই প্রয়োজন। বরেন্য গনসঙ্গীত শিল্পী পিট সিগার ও বিশ্বের সব শিল্পীদের এই রকম অনুরোধ করেছেন। আমাকে শুধু গীতিকার ও সুরকার আখ্যা দিয়ে নিজেকে শিল্পী হিসেবে জাহির করে কেউ বা কারা যদি যুগপৎ money ও মান অর্জনের চেষ্টা করেন, তা হলে তিনি বা তারা আর প্রচারক থাকেন না, হয়ে যান প্রতারক। এই অনৈতিকতাকে কোন ভাবে সমর্থন করা যায় না। অনৈতিক কাজ করে কেউ জনপ্রিয় হতে পারেন, তাঁর ব্যবসায়িক সাফল্যও হতে পারে, কিন্তু তাতে তাঁর অন্যায় ঢাকা পড়ে না। আমি গান গেয়ে সাধারণ মানুষের তো বটেই, অনেক জ্ঞানী গুণী মানুষের সন্মান, শ্রদ্ধা, ভালবাসা পেয়েছে। গানের কথা ও সুরের জন্য প্রতারকের সাধুবাদ আমার না পেলেও চলবে। আমি অবশ্যই গীতিকার ও সুরকার, কিন্তু গায়ক হিসেবেই আমার পরিচিতি সবচেয়ে বেশী। সেটা যারা যানেন না বা জানতে চাননা, তাদের জেনে নেওয়াই ভাল।

যাঁরা সত্যের পক্ষে সংগ্রাম করেন, ন্যায়ের পক্ষে সংগ্রাম করেন, আমার গান তাদের জন্যেই। অন্যায়ের প্রতিবাদে দেশে দেশে তাঁদের প্রতিটি পদক্ষেপের জন্য আমার শ্রদ্ধা ও অভিনন্দন জানাই।

২ জুলাই, ২০০৬

১৪ আষাঢ়, ১৪১৩